## কর্পোরেশনের আকর্ষণীয় বীমা স্কিমসমূহ

- বঙ্গবন্ধু সার্বজনীন পেনশন বীমা (লাভসহ)
- সর্বজনীন শিক্ষা বীমা (লাভসহ)
- দেনমোহর বীমা
- হজ্জ বীমা (লাভসহ)
- প্রত্যাশিত মেয়াদী বীমা (লাভসহ)
- ট্রিপল প্রটেকশন বীমা (লাভসহ)
- মেয়াদী বীমা (লাভসহ)
- প্রগতিশীল মেয়াদী বীমা
- ম্যারেজ এন্ডাওমেন্ট বীমা (লাভসহ)
- শিশু নিরাপত্তা বীমা (লাভসহ)
- মানি ব্যাক টার্ম বীমা (লাভবিহীন)
- দ্বৈত-নিরাপত্তা মেয়াদী বীমা
- একক প্রিমিয়াম বীমা (লাভসহ)
- বহু কিস্তি বীমা (লাভসহ)
- প্রমিলা ডিপিএস বীমা (লাভসহ)
- যুগ্ম মেয়াদী বীমা (লাভসহ)
- জেবিসি মাসিক সঞ্চয়ী স্কিম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
**জীবন বীমা কর্পোরেশন**
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

সুখে দুঃখে আপনজন,
জীবন বীমা কর্পোরেশন।

"জেবিসি প্রত্যাশিত মাসিক সঞ্চয়ী স্কীম গ্রহণ করে
নিজে সুরক্ষিত থাকুন, পরিবারকে সুরক্ষিত রাখুন"

নিশ্চিত সঞ্চয় ও নিরাপত্তা
জেবিসি  প্রত্যাশিত মাসিক সঞ্চয়ী স্কীম (লাভসহ) (টেবিল-৬২)
JBC Anticipated Monthly Savings Scheme (With profit) (Table-62)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
**জীবন বীমা কর্পোরেশন**
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)
প্রধান কার্যালয়: ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোন: ০২২২৩৩৮৫৭২০
ই-মেইল: tad@jbc.gov.bd
Web: jbc.gov.bd

জেবিসি  প্রত্যাশিত মাসিক সঞ্চয়ী স্কীম (লাভসহ) (টেবিল-৬২)
JBC Anticipated Monthly Savings Scheme (With profit) (Table-62)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
**জীবন বীমা কর্পোরেশন**
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

তালিকা-৬২

## জেবিসি  প্রত্যাশিত মাসিক সঞ্চয়ী স্কীম (লাভসহ) (টেবিল-৬২)

**ভূমিকা:**

এই বীমা পরিকল্পনাটি স্বল্প আয়ের মানুষ-কৃষক, শ্রমিক, সমবায়ী, পশুপালক, কামার-কুমার,গার্মেন্টস শ্রমিক, রিক্সাওয়ালাসহ সকল শ্রেণীর বীমাগ্রাহক বিশেষ করে দেশের মহিলাদের-কে জীবন বীমার সুবিধা পৌঁছে দেওয়ার জন্য জীবন বীমা কর্পোরেশন 'জেবিসি প্রত্যাশিত মাসিক সঞ্চয়ী স্কীম (লাভসহ) (টেবিল নং-৬২)' প্রবর্তন করেছে। এই স্কিমের অন্যতম সুবিধা হলো বীমার মেয়াদ অর্ধেক পার হওয়ার পর বীমা অঙ্কের ৩০% কিস্তিতে প্রদান করা হবে; ফলে ভবিষ্যতে আর্থিক প্রয়োজন, মেয়াদপূর্তীর পূর্বেই মিটাতে সক্ষম হবে। এই স্কীম চালুর ফলে দেশের আপামর জনগণ মাসিক কিস্তিতে স্বল্প প্রিমিয়াম প্রদানের মাধ্যমে বীমার সুবিধা গ্রহণ করতে পারবে।

**যাদের জন্য উপযোগী:**

এই বীমা পরিকল্পটি স্বল্প-আয়ের মানুষ-কৃষক, শ্রমিক, সমবায়ী, পশুপালক, কামার-কুমার, গার্মেন্টস শ্রমিক, রিক্সাওয়ালা ও অন্যান্য পেশাজীবী যারা, তাদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় দিয়ে তার নিজের ও পরিবারের সদস্যদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করতে পারে। তাদের জন্য এই বীমাটি বিশেষভাবে উপযোগী।

**বৈশিষ্ট্যাবলী/সুবিধাবলী:**

- প্রবেশকালীন বয়স ১২ বছর মেয়াদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৪৮ বছর এবং ১৬ বছর মেয়াদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৪৪ বছর।
- বীমার মেয়াদ: ১২ বছর এবং ১৬ বছর।
- সর্বনিম্ন মাসিক জমা ১০০/- টাকা সর্বোচ্চ মাসিক জমা ১,৫০০/- (এক হাজার পাঁচশত টাকা)।
- মাসিক কিস্তিতে প্রিমিয়াম প্রদান করা যাবে।
- ১২ (বার) মাসের প্রিমিয়াম অগ্রিম প্রদান করতে পারবে।
- মেয়াদ পূর্তিকালীন বয়স ৬০ বছরের বেশী হবে না।
- মেয়াদ শেষে বীমাকৃত অর্থ (লাভসহ) প্রদান করা হয়।
- বীমাগ্রাহক মেয়াদপূর্তির পূর্বে মৃত্যু হলে বীমাকৃত অর্থ অর্জিত বোনাসসহ মনোনীতককে প্রদান করা হবে।
- প্রদত্ত প্রিমিয়ামের উপর আয়কর রেয়াত পাওয়া যায়।
- এই বীমার জন্য শুধুমাত্র একটি নির্ধারিত ফরম পূরণ করতে হবে। প্রস্তাবপত্রের সাথে বয়সের প্রমাণক অবশ্যই দাখিল করতে হবে।
- ১২ বছর মেয়াদের ক্ষেত্রে প্রথম ছয় বছর নিয়মিত প্রিমিয়াম পরিশোধ করার পর বীমা অঙ্কের ৩০% প্রদান করা হবে।
- ১৬ বছর মেয়াদের ক্ষেত্রে প্রথম ৮ বছর নিয়মিত প্রিমিয়াম পরিশোধ করার পর বীমা অঙ্কের ৩০% প্রদান করা হবে।
- কোন ডাক্তারী পরীক্ষার রিপোর্ট এই বীমায় প্রদান করতে হবে না।
- এই বীমায় ২ বছর প্রিমিয়াম প্রদানের পর সমর্পণ ও ঋণ গ্রহণ করা যাবে।
- এই বীমার সঙ্গে অতিরিক্ত সুবিধার বীমা (Suplementary Benefit) গ্রহণ করা যাবে।
- মরণোত্তর দাবীর টাকা আয়করমুক্ত।

### জেবিসি  প্রত্যাশিত মাসিক সঞ্চয়ী স্কীম (লাভসহ) (টেবিল-৬২)
### (মাসিক কিস্তি ও বীমা অংকের পরিমান)

| মাসিক প্রিমিয়াম | মেয়াদ | বীমা অঙ্ক (টাকা) |
|---|---|---|
| ১০০ | ১২ | ১২,৫০০ |
| ১০০ | ১৬ | ১৭,৫০০ |

**উদাহরণ:**

৩৫ বছর বয়সের একজন ব্যক্তি মাসিক ১৫,০০/- টাকার ১টি 'জেবিসি প্রত্যাশিত মাসিক সঞ্চয়ী স্কীম' হতে গ্রহণ করলে, তার বীমা অংক ও দাবী নিম্নরূপ:

(ক) ১২ বছর মেয়াদের ক্ষেত্রে মাসিক প্রিমিয়াম ১,৫০০/- টাকা। বীমা অংক ১,৮৭,৫,০০/-টাকা। ১২ বছরে মোট জমাকৃত প্রিমিয়াম ২,১৬,০০০/- মেয়াদ শেষে বোনাসসহ (বর্তমান বোনাস রেট অনুয়ায়ী) পাবে ২,৬১,৭৫০/- টাকা। মেয়াদপূর্তির পূর্বে বীমাগ্রাহকের অনাকাঙ্ক্ষিত মৃত্যুতে অর্জিত বোনাসসহ মূল বীমা অঙ্ক নমিনীকে প্রদান করা হয়।

(খ) ১৬ বছর মেয়াদের ক্ষেত্রে মাসিক প্রিমিয়াম ১৫,০০/-টাকা। বীমা অংক ২,৬২,৫০০/-টাকা। ১৬ বছরে মোট জমাকৃত প্রিমিয়াম ২,৮৮,০০০/- মেয়াদ শেষে বোনাসসহ (বর্তমান বোনাস রেট অনুয়ায়ী) পাবে ৪,৮০,৯০০/- টাকা। বীমাগ্রাহকের অনাকাঙ্ক্ষিত মৃত্যুতে (যদি ৫ বছর পর মৃত্যুবরণ করে) ৩,৩০,৭৫০/- টাকা প্রাপ্য হবেন।

### দাবী নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি:

**মেয়াদোত্তর দাবীর ক্ষেত্রে:**

১। বীমা দলিল, ২। বীমাগ্রাহকের ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

**মরণোত্তর দাবী ক্ষেত্রে:**

দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রাদি- ১।বীমা দলিল, ২। দাবী ফরম, ৩। নমিনীর ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৪। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, ৫। মৃত্যুসনদপত্র, ৬।কবরস্থান সনদপত্র, ৭। চেয়ারম্যান/ কাউন্সিলরের প্রত্যয়ন পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদ